# আয়ারল্যান্ডের জন্য বর্ণবাদের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনার লক্ষ্যে জন পরামর্শ 2021

## ভূমিকা

### বর্ণবাদ বিরোধী সমিতি এবং অন্তর্বর্তী প্রতিবেদন

জাতীয় বর্ণবাদ বিরোধী সমিতি (National Anti-Racism Committee) হল আয়ারল্যান্ডের জন্য বর্ণবাদের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনা তৈরির লক্ষ্যে 2020 সালে সরকার কর্তৃক স্থাপিত একটি স্বতন্ত্র সমিতি। আপনি আমাদের সদস্যপদ এবং শর্তাবলি সংক্রান্ত সকল সহায়ক নথি দেখতে পারেন এখানে।

আমাদের শর্তাবলি সংক্রান্ত সকল সহায়ক নথির সঙ্গে সামঞ্জস্য রেখে আমরা আমাদের **অন্তর্বর্তী প্রতিবেদন** নভেম্বর, 2020-তে শিশু, সাম্য, অক্ষমতা, একতা এবং যুব দফতরের মন্ত্রীর (Minister for Children, Equality, Disability, Integration and Youth) কাছে দাখিল করেছি। এই প্রতিবেদনে বর্ণবাদের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনা প্রস্তুতির লক্ষ্যে আমাদের প্রাথমিক ধারণা এবং কর্মসূচি ব্যক্ত করা হয়েছে। অন্তর্বর্তী প্রতিবেদনটি আপনি দেখতে পারেন এখানে।

অংশীদারি সংস্থা এবং জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনা করা আমাদের কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ। এই আলোচনা বর্তমান আয়ারল্যান্ডে সব রকমের বর্ণবাদের কার্যকর মোকাবিলা কীভাবে করা যায়, সে সম্পর্কে প্রত্যেককে নিজেদের মতামত প্রকাশের সুযোগ দেয়।

আমরা আলোচনা সংক্রান্ত এই নথিটি তৈরি করেছি এই আলোচনা কী ব্যাপারে, তা ব্যক্ত করতে এবং এমন কিছু বিশেষ ক্ষেত্রের উপর আলোকপাত করতে, যে ব্যাপারে আমরা মতামত এবং পরামর্শকে স্বাগত জানাই।

**আয়ারল্যান্ডে বর্ণবাদ মোকাবিলায় কার্যকর পরিকল্পনা তৈরি করার জন্য আপনাদের মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ।**

### বর্ণবাদ কী?

আমাদের অন্তর্বর্তী প্রতিবেদনে আমাদের কাজের রূপরেখা তৈরির জন্য বর্ণবাদ সম্পর্কে নিম্নলিখিত ধারণাগুলি ব্যক্ত করেছি:

> [বর্ণবাদ হল] ... *কাঠামোগত এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, অভ্যাস, নীতি বা সাংস্কৃতিক নিয়মে উপস্থিত সেই সকল ক্ষমতার আস্ফালন, যা কোনও ব্যক্তি বা গোষ্ঠীর বিরুদ্ধে তাঁদের পরিচয়ের ভিত্তিতে বিতারণমূলক বা বৈষম্যমূলক আচরণ করে, বর্ণবৈষম্য*

*অপসারণের জন্য আন্তর্জাতিক সম্মেলনের (আইসিইআরডি) অনুচ্ছেদ 1-এর রূপরেখা অনুযায়ী বলা যায়ঃ*

> *'..." বর্ণবৈষম্য" শব্দটির অর্থ হল জাতি, বর্ণ, বংশ, বা জাতীয় কিংবা উপজাতীয় উৎসের ভিত্তিতে সংঘটিত কোনও বিভাজন, বর্জন বা সীমাবদ্ধতা আরোপ, যার উদ্দেশ্য বা ফলাফল হল রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক বা জনজীবনের অন্যান্য ক্ষেত্রে অন্যদের সমান স্বীকৃতি, উপভোগ বা কার্যকারিতা প্রাপ্তিতে বাধা প্রদান বা দুর্বল করা।'*[1]

আমরা বর্ণবাদ এবং লিঙ্গ, যৌনতা, লিঙ্গ পরিচিতি, অক্ষমতা ও আর্থ-সামাজিক পরিস্থিতির ভিত্তিতে তৈরি অন্যান্য বৈষম্যমূলক আচরণের মধ্যে আন্তঃসম্পর্ককে স্বীকৃতি দিয়েছি, এবং আমরা মনে করি মহিলা, শিশু এবং পুরুষরা বর্ণবাদকে আলাদা-আলাদাভাবে প্রত্যক্ষ করে।

আমরা যে ধারণা গ্রহণ করেছি, তা চলমান, আন্তর্জাতিক আইনি ধারণা এবং দায়বদ্ধতার পাশাপাশি ইউরোপীয় ইউনিয়ন ও আইরিশ আইনের উপর ভিত্তি করে নির্মিত।

বর্ণবাদ একটি পদ্ধতিগত সমস্যা, যা সমাজের বিভিন্ন ক্ষেত্রে উদ্ভূত হয় এবং মানুষের জীবনকে নানাভাবে প্রভাবিত করে। বর্ণবাদকে কাঠামোর মধ্যে রোপণ করা হয়; প্রতিষ্ঠান, আচরণ, নীতি এবং সাংস্কৃতিক নিয়মের মধ্যে এর পুনরুৎপাদন ও প্রতিফলন ঘটানো হয়; এবং এর মাধ্যমে জাতি বা উৎসের ভিত্তিতে কোনও ব্যক্তি বা গোষ্ঠীর বিরুদ্ধে বিতারণ বা বৈষম্যমূলক আচরণকে প্রভাবিত করা হয় (পর্যটক গোষ্ঠীর সদস্যপদ এবং জাতীয়তা সহ)।

**বর্ণবাদ আয়ারল্যান্ডে একটি বাস্তব। এর মোকাবিলা করার জন্য আমাদের একটি সুসংহত এবং কার্যকর জাতীয় কর্ম পরিকল্পনা প্রয়োজন।**

বর্ণবাদ আয়ারল্যান্ডে একটি বাস্তব। কার্যকর এবং উত্তমরূপে নথিভুক্ত তথ্য থেকে দেখা যাচ্ছে, ইহা সমাজের প্রতিটি স্তরে প্রোথিত এবং বিভিন্ন গোষ্ঠীর মানুষেরা ইহা প্রত্যক্ষ করেন। কোভিডের সঙ্গে-সঙ্গে বর্ণবাদ আরও বেশি প্রকট হয়েছে, যা অভিবাসী এবং বর্ণবৈষম্যের শিকার অন্যান্য গোষ্ঠীর উপর নানারকম প্রভাব ফেলেছে।

সাম্প্রতিক বছরগুলি থেকে প্রাপ্ত তথ্য প্রমাণের ভিত্তিতে বর্ণবাদের উপস্থিতি স্বীকার করার পর আমরা এই সিদ্ধান্তে এসেছি যে, এবার আমাদের কোনও পদক্ষেপ অবশ্যই গ্রহণ করতে হবে। যেহেতু বর্ণবাদের বিরুদ্ধে এর আগের জাতীয় কর্ম পরিকল্পনার মেয়াদ 2008 সালেই শেষ হয়ে গিয়েছে, নাগরিক সমাজ সংগঠনগুলি পুনরায় জাতীয় দৃষ্টি আকর্ষণ করতে চাইছে, যে প্রস্তাবটির পুনরাবৃত্তি 2019 সালে বর্ণবৈষম্য দূরীকরণের জন্য গঠিত রাষ্ট্রপুঞ্জের বিশেষ সমিতির (সিইআরডি) দ্বারা আয়ারল্যান্ডের শেষ পর্যালোচনাতেও করা হয়েছিল। আইরিশ মানবাধিকার এবং সাম্য দফতরও (The Irish Human Rights and Equality Commission) একটি

[1] বর্ণবাদ বিরোধী সমিতির অন্তর্বর্তী প্রতিবেদন, 2020, 3.

নতুন কর্ম পরিকল্পনা প্রস্তুতির ইচ্ছা প্রকাশ করেছে। বর্তমানে আয়ারল্যান্ডে বর্ণবাদ আইন দ্বারা নিষিদ্ধ এবং বর্ণবাদী ঘৃণ্য মন্তব্যও বেআইনি। প্রতিটি আইরিশ সরকারি প্রতিষ্ঠানের দায়িত্ব হল তাঁদের কাজের মধ্যে দিয়ে বৈষম্য (জাতিগত ভিত্তি সহ) দূর করার জন্য সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা। সাম্য প্রচার করা এবং জাতিগত সংখ্যালঘুদের অন্তর্ভুক্ত করা হল বিভিন্ন সরকারি ও জনসেবা নীতির মুখ্য উদ্দেশ্য। বর্ণবাদের বিরুদ্ধে লড়াইয়ের ব্যবস্থাগুলি অভিবাসী সংহতকরণ কৌশল এবং জাতীয় পর্যটক ও রোমা সংহতকরণ প্রকৌশলের অন্তর্ভুক্ত। বেশ কিছু সংস্কারের কাজ এখন চলছে, যা বর্ণবাদের বিরুদ্ধে মানুষের আইনি অধিকারকে মজবুত করার জন্য গুরুত্বপূর্ণ হবে। এর মধ্যে রয়েছে প্রস্তাবিত ঘৃণ্য অপরাধ আইন এবং অনলাইন গণমাধ্যমের নিয়ন্ত্রণ। সংখ্যালঘুরা কোনওরকমভাবে বর্ণবাদের স্বীকার হলে তা যে আইরিশ সমাজ বরদাস্ত করবে না, এই সংস্কার সেই ব্যাপারে একটি জোরালো বার্তা দেবে।

তবে আইনি নিষেধাজ্ঞার পরেও আয়ারল্যান্ডের বর্ণবাদ এবং বর্ণবৈষম্য বিদ্যমান রয়েছে। বর্তমান বিধান এবং নীতি পর্যাপ্ত নয় এবং লক্ষণীয় ব্যবধান রয়ে গিয়েছে। জাতীয় কর্ম পরিকল্পনাটি ইতিমধ্যে বিদ্যমান ব্যবস্থা এবং আইনগুলিকে একটি বিস্তৃত পরিসরে মজবুত কর্ম পরিকল্পনার উপর স্থাপন করে সেগুলির কার্যকারিতা বৃদ্ধির একটি উপায় খুঁজে বের করার কাজ করবে। বিদ্যমান এবং উদীয়মান সমস্যাগুলি সমাধানের জন্য ইহা নতুন কার্যক্রম এবং উদ্যোগও গ্রহণ করবে। এই নতুন কর্ম এবং উদ্যোগ গ্রহণ করার সময় আমরা মাথায় রাখব যে, বর্ণবাদ অন্যান্য অসাম্য এবং বৈষম্যের সঙ্গে সমাপতিত হতে পারে, যেমন, লিঙ্গ বা অক্ষমতা।

**বর্ণবাদের মোকাবিলা করার জন্য সাম্য সম্পর্কে উত্তম তথ্য থাকা জরুরি**

বর্ণবৈষম্যের উপস্থিতি এবং জীবনের উপর এর প্রভাব বোঝার জন্য জাতিগত সমতা পর্যবেক্ষণ একটি মুখ্য হাতিয়ার। কার্যকর পাল্টা পদক্ষেপ গ্রহণের জন্য ইহা খুব জরুরি। আন্তর্জাতিক মানবাধিকার পর্যালোচনা জনসেবা প্রদানকারী এবং অন্যান্যদের মাধ্যমে জাতিগত পৃথকীকরণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করার ধারাবাহিক পন্থা অবলম্বন করার কথা আয়ারল্যান্ডকে বলেছে। আমাদের অন্তর্বর্তী প্রতিবেদনে একে একটি অগ্রাধিকারযুক্ত প্রস্তাব হিসেবে বিবেচনা করা হয়েছে। এর বাইরেও জাতীয় কর্ম পরিকল্পনা তথ্য সংগ্রহ ও তার ব্যবহার সংক্রান্ত ত্রুটিগুলোর ব্যাপারে আলোকপাত করবে, এবং কী ধরনের পরিবর্তন তথ্যকে আরও ভালভাবে ব্যবহার করে বর্ণবৈষম্যের বিরুদ্ধে লড়াইয়ে আমাদের সাহায্য করবে, সে ব্যাপারে আলোচনা করবে।

**আয়ারল্যান্ডের জন্য বর্ণবাদের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনার লক্ষ্যে**
পরিকল্পনাটি মানবাধিকার সংক্রান্ত মূল্যবোধ, গণতন্ত্র এবং আইনের শাসনের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হওয়া জরুরি। এই মূল্যবোধগুলি নিঃসন্দেহে বর্ণবাদের বিরুদ্ধে আইরিশ সমাজের দৃষ্টিভঙ্গি এবং কর্ম পরিকল্পনাকে ব্যক্ত করবে।

আমাদের অন্তর্বর্তী প্রতিবেদনের বিবৃতি অনুযায়ী, আমাদের কাজ রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার দফতরের মহাসচিবের কার্যালয় থেকে প্রকাশিত বর্ণবৈষম্যের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনা

রূপায়নের বাস্তব সহায়িকায় বর্ণিত বর্ণবৈষম্যের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনার বিষয়সূচি এবং গঠন সংক্রান্ত সর্বোত্তম রীতির নির্দেশিকা মেনে পরিচালিত হয়।

আমাদের কাজটি বর্ণবাদের বিরুদ্ধে ইউরোপীয় ইউনিয়নের কর্ম পরিকল্পনার (2020-25) দ্বারাও অবহিত করা হয়েছে, যা নিজেও রাষ্ট্রপুঞ্জের নিয়মাবলীকে প্রতিফলিত করে।

রাষ্ট্রপুঞ্জের নিয়মাবলীর সঙ্গে সামঞ্জস্য রেখে আমরা বর্ণবাদের বিরুদ্ধে একটি জাতীয় কর্ম পরিকল্পনা গ্রহণ করতে চলেছি, যা হলঃ

- *মানবাধিকারের মানদণ্ডের ভিত্তিতে তৈরি*
- *সম্ভাবনার দিক থেকে সুসংহত*
- *একটি জাতীয় উদ্যোগ*
- *কর্মভিত্তিক*
- *একটি জনগণের নথি*
- *একটি চলমান প্রক্রিয়া*
- *আন্তর্জাতিক মাপকাঠির অন্তর্ভুক্ত।*[2]

## **এই পর্যায়ে, আমরা আপনাদের মতামত শুনতে আগ্রহী**

আমাদের অন্তর্বর্তী প্রতিবেদনে বর্ণিত বর্ণবাদের ধারণা এবং সমস্যার জায়গাগুলো বোঝার ভিত্তিতে, এবং এই আলোচনা থেকে প্রাপ্ত তথ্য সম্পর্কে জ্ঞাত হয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, জাতীয় কর্ম পরিকল্পনা সমস্ত সরকারি দফতর এবং মুখপাত্র, কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান এবং সংস্থা- সরকারি, বেসরকারি এবং স্বেচ্ছাসেবী ক্ষেত্র, বর্ণবাদ মোকাবিলায় যাদের দায়িত্ব এবং ভূমিকা রয়েছে বা যাদের সংযুক্তি জরুরি, তাঁদের সম্বোধন করে কার্যক্রম গ্রহণ করবে। জাতীয় কর্ম পরিকল্পনা সনাতন ও নতুন, উভয় গনমাধ্যমের দিকেও নজর রাখবে। ইহার কার্যক্রমের লক্ষ্য হবে আয়ারল্যান্ডে বসবাসকারী সকলকে অধিকার এবং সাম্য প্রদানের কাজে সাহায্য করা।

আমাদের আলোচনাকে সুসংহত করতে সাহায্য করার জন্য আমরা বেশ কিছু বিষয় প্রস্তাব করেছি, যেগুলি আমাদের অন্তর্বর্তী প্রতিবেদনে চিহ্নিত সমস্যাগুলির প্রতিভূ। অনুগ্রহ করে এই ব্যাপারে নিশ্চিত হন যে, আমরা এই কারণে এই বিষয়গুলি চিহ্নিত করিনি যে আমরা মনে করি, একমাত্র এই বিষয়গুলিতেই বর্ণবাদ দেখা যেতে পারে, বা এগুলিই একমাত্র বিষয়, জাতীয় কর্ম পরিকল্পনায় যেগুলির অবতারণা করা প্রয়োজন। এগুলি নিছকই আলোচনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এবং তাকে সুসংহত করে তোলার জন্য পরামর্শ হিসেবে দেওয়া হয়েছে। আপনি যদি মনে করেন এই কর্ম প্রস্তুতির ক্ষেত্রে অন্য কোনও সমস্যার বিষয়ে আপনার মতামত ব্যক্ত করা প্রয়োজন, আমরা সে ব্যাপারেও আপনার কাছ থেকে শুনতে আগ্রহী।

আলোচনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রতিটা বিষয়ের অধীনে আমরা কিছু প্রশ্ন প্রদান করেছি। এই আলোচনায় আপনার মতামত নির্মাণের ক্ষেত্রে নিম্নলিখিত প্রশ্নগুলি সহায়ক

[2] *বর্ণবৈষম্যের বিরুদ্ধে জাতীয় কর্ম পরিকল্পনার রূপায়ন: একটি বাস্তব সহায়িকা,* ইউ এন ও এইচ সি আর 2014, 3.

হতে পারে। তবে অনুগ্রহ করে এই প্রশ্নগুলির উল্লেখ ছাড়াই এই বিষয়ে আপনার মতামত নিঃসংকোচে জানান, এবং/অথবা এই নথিতে বর্ণনা করা নেই, এমন সমস্যা সম্পর্কেও আপনার মতামত জানান। আমরা এটাও স্বীকার করছি যে, এই বিষয়গুলির মধ্যে অনেক সমাপতিত অংশ থাকতে পারে।

**বিষয় 1: ন্যায়বিচারের উপলব্ধতা**
**বিষয় 2: নতুন প্রযুক্তি সহ সকল প্রকার গণমাধ্যম এবং যোগাযোগের মাধ্যম**
**বিষয় 3: কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য, এবং বাসস্থান**
**বিষয় 4: অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণ**

1. ***ন্যায়বিচারের উপলব্ধতা***

এই বিষয়ের অন্তর্ভুক্ত হল অভিযোগ দায়ের প্রক্রিয়া সংক্রান্ত সমস্যা, প্রতিবেদনের অবমাননা এবং সমাধানের পদ্ধতি সহ আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের সকল বৈষম্যের মোকাবিলা।

- বর্ণবাদের শিকার ব্যক্তিদের জন্য আপনি কী প্রকার সহায়তা আশা করেন?
- বর্ণবাদের শিকার ব্যক্তিদের ন্যায়বিচার প্রাপ্তির পথে বাধাগুলি সরানোর জন্য কী ধরনের কার্যক্রম উপযোগী হতে পারে?
- আইন প্রয়োগকারীদের দ্বারা সৃষ্ট বৈষম্যগুলির মোকাবিলা করার জন্য কী কার্যক্রম নেওয়া উচিত?
- আপনি কী মনে করেন যে ফৌজদারি আইন ব্যবস্থায় অভিযুক্ত বা গ্রেফতার হওয়া ব্যক্তির উপর বর্ণবাদের প্রভাব পড়ে, এবং যদি তা পড়ে, তবে কীভাবে তার মোকাবিলা করা উচিত?
- আপনি কী মনে করেন যে ফৌজদারি আইন ব্যবস্থায় দোষী সাব্যস্ত বা কারাবন্দী ব্যক্তির উপর বর্ণবাদের প্রভাব পড়ে, এবং যদি তা পড়ে, তবে কীভাবে তার মোকাবিলা করা উচিত?
- আপনি কী মনে করেন যে বৈধ আইনসঙ্গত রায় এবং আদালতের উপর বর্ণবাদ প্রভাব বিস্তার করে, এবং যদি তা করে, তবে কী ব্যবস্থা নেওয়া প্রয়োজন?
- বর্ণবাদ ও লিঙ্গ এবং ন্যায়বিচারের উপলব্ধতার সঙ্গে যুক্ত কোনও বিশেষ সমস্যা কি রয়েছে?

2. ***নতুন প্রযুক্তি সহ সকল প্রকার গণমাধ্যম এবং যোগাযোগের মাধ্যম***

এই বিষয়ের অন্তর্ভুক্ত হল মুদ্রণ ও সনাতন গণমাধ্যম এবং সম্প্রচার, এর পাশাপাশি সামাজিক মাধ্যম এবং নতুন প্রযুক্তি।

- আপনার মতে, নতুন ও অন্যান্য সনাতন গণমাধ্যমে বর্ণবাদের মোকাবিলা করার জন্য কী কার্যক্রম নেওয়া উচিত?
- আপনার মতে কী ধরনের কার্যক্রম সম্প্রচার মাধ্যম এবং গণমাধ্যমকে আয়ারল্যান্ডে বসবাসকারী সব শ্রেণির মানুষের প্রতিনিধি হয়ে উঠতে আরও সাহায্য করবে?
- নতুন প্রযুক্তিকে বর্ণবাদ সংক্রান্ত কী প্রকারের সমস্যার সম্মুখীন হতে হয়?
- বর্ণবাদ বিরোধী লড়াইকে শক্তিশালী করে তোলার জন্য নতুন প্রযুক্তি কী কোনও সুযোগ প্রদান করে?
- বর্ণবাদকে প্রতিহত করার জন্য প্রযুক্তি বিষয়ক সংস্থাগুলির কী প্রকার কার্যক্রম গ্রহণ করা উচিত?
- বর্ণবাদ প্রতিহত করার ক্ষেত্রে প্রযুক্তি বিষয়ক সংস্থাগুলির নিয়ন্ত্রণ কী ভূমিকা পালন করে?

3. ***কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য এবং বাসস্থান***

এগুলি অর্থনৈতিক এবং সামাজিক জীবনের মুখ্য অংশ, যেখানে সমাজ ও অর্থনীতিতে বর্ণবাদ প্রত্যক্ষ করা গোষ্ঠীর সম্পূর্ণ অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণকে সমর্থন করার জন্য ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এর অন্তর্গত হতে পারে কর্মস্থলে বর্ণবাদের মোকাবিলা; জনসেবাগুলি যে সকলের জন্য রূপায়ন এবং সরবরাহ করা হচ্ছে, তা নিশ্চিত করা; এবং শিক্ষা, স্বাস্থ্য ও বাসস্থান সংক্রান্ত পরিষেবাগুলির উপলব্ধতা, তাতে অংশগ্রহণ এবং ফলাফলগুলি থেকে বর্ণবাদ সংক্রান্ত অসাম্য দূর করতে ব্যবস্থা গ্রহণ।

- আপনি কীভাবে শিক্ষাক্ষেত্রে বর্ণবাদের মোকাবিলা করতে চান?
- পরিষেবার উপলব্ধতার ক্ষেত্রে আমরা কীভাবে প্রতিটি শিশুর সমান অধিকার নিশ্চিত করতে পারি?
- জাতিসত্তার ভিত্তিতে স্বাস্থ্যক্ষেত্রে সংঘটিত বৈষম্যগুলি মোকাবিলার জন্য আপনি কী ধরনের পদক্ষেপ আশা করেন?
- বাসস্থানের উপলব্ধতার ক্ষেত্রে বর্ণবাদের মোকাবিলার ক্ষেত্রে কী প্রকার পদক্ষেপ সাহায্য করতে পারে?
- কর্মসংস্থানের উপলব্ধতার ক্ষেত্রে বর্ণবাদকে প্রতিহত করার জন্য কী ধরনের উদ্যোগ এবং কার্যক্রম গ্রহণ করা উচিত বলে আপনার মনে হয়?
- শ্রমশক্তির অন্তর্গত এমন কোনও বিশেষ ক্ষেত্র আছে কি, যেখানে অগ্রাধিকারের ভিত্তিতে বর্ণবাদ প্রতিহত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন?
- কী ধরনের প্রশিক্ষণ এবং অতিরিক্ত সহায়তা কর্মক্ষেত্রে বর্ণবাদের মোকাবিলায় সাহায্য করতে পারে?

- কর্মসংস্থান এবং শ্রমের বাজারে অন্তর্ভুক্তির প্রচারের পাশাপাশি বৈষম্যের অন্তর্নিহিত কারণগুলির মোকাবিলা করার জন্য কী প্রকারের পদক্ষেপ নেওয়া যেতে পারে?

### 4. *অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণ*

বর্ণবৈষম্যমূলক মনোভাব এবং আচরণের মোকাবিলার সকল ক্ষেত্রে শিক্ষা এবং সচেতনতা যে ভূমিকা পালন করে, তা এই বিষয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে। এর অন্তর্ভুক্ত হতে পারে প্রথাগত শিক্ষার বৈচিত্র্য এবং বৈষম্য সম্পর্কে জ্ঞান বাড়ানোর জন্য ব্যবস্থা গ্রহণ, বর্তমানে উপেক্ষিত গোষ্ঠী এবং বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করার জন্য ইতিহাসের পুনর্নির্মাণ, এর পাশাপাশি জনসাধারণের সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ।

এই বিষয়ের অধীনে আমরা গণতান্ত্রিক রাজনীতি এবং স্থানীয় ও জাতীয় নির্বাচনে অংশ নেওয়ার ক্ষেত্রে জাতিগত সংখ্যালঘু ব্যক্তিদের যে ধরনের বাধার সম্মুখীন হতে হয়, সেগুলির মোকাবিলা করারও চেষ্টা করব।
জনসাধারণের ব্যবহারের উদ্দেশ্যে নির্মিত কোনও স্থান বা পরিষেবা, যেমন, যানবাহন, হোটেল, রেস্তরাঁ, কাফে, থিয়েটার, ক্রীড়াঙ্গন, পার্ক এবং বিনোদনমূলক ব্যবস্থাগুলির উপলব্ধতার অধিকার সম্পর্কেও আমরা আলোচনা করব।

- আপনার মতে বর্ণবৈষম্যের বিরুদ্ধে জনসচেতনতা বাড়াতে এবং বর্ণবৈষম্যমূলক চিরাচরিত ধারণাগুলির বিরুদ্ধে মোকাবিলায় সাহায্য করতে কী ধরনের পদক্ষেপ নেওয়া প্রয়োজন?
- আমরা কীভাবে স্বল্প প্রতিনিধিত্বকারী এবং সুবিধা বঞ্চিত গোষ্ঠীর অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণের পথের বাধাগুলি সরিয়ে দিতে পারি?
- আমরা কীভাবে নিশ্চিত করতে পারি যে, যারা সবচেয়ে বেশি প্রান্তিক অবস্থানে রয়েছে, তাদেরকে বিশেষভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে?
- বর্ণবাদী গোষ্ঠীগুলির দ্বারা নিয়মিতভাবে প্রত্যক্ষ বৈষম্যমূলক কর্ম যে সরকারিনীতি বিবেচনার মধ্যে আনছে, তা নিশ্চিত করতে কী প্রকার পদক্ষেপ নেওয়া যেতে পারে?
- স্থানীয় এবং জাতীয় নির্বাচনে সংখ্যালঘু জনজাতি গোষ্ঠীর অংশগ্রহণ এবং নির্বাচন বাড়ানোর জন্য কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে আপনি মনে করেন?
- রাজনৈতিক কর্ম, পদ্ধতি এবং অংশগ্রহণ যে বর্ণবৈষম্য বিরোধী, তা নিশ্চিত করার জন্য কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন?
- ক্রীড়াক্ষেত্রে বর্ণবৈষম্যের মোকাবিলা করার জন্য কী পদক্ষেপ নেওয়া উচিত? কোন ইতিবাচক পদক্ষেপ ইহার গতি ত্বরান্বিত করবে?
- শিল্প এবং সংস্কৃতিতে বর্ণবৈষম্য সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং তার মোকাবিলা করতে কী পদক্ষেপ নেওয়া উচিত? কোন ইতিবাচক পদক্ষেপ ইহার গতি ত্বরান্বিত করবে?
- আন্তঃসাংস্কৃতিক মেলবন্ধন এবং সাম্প্রদায়িক অংশগ্রহণের প্রচার করতে কী প্রকার পদক্ষেপ নেওয়া প্রয়োজন?

আপনার যদি মনে হয়, আপনার কোনও মতামত বর্ণবৈষম্যের বিরুদ্ধে আয়ারল্যান্ডের জাতীয় কর্ম পরিকল্পনার উন্নয়নের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, তবে আপনাকে তা জানানোর জন্য আহ্বান করা হচ্ছে। নিম্নে বর্ণিত সাধারণ প্রশ্নাবলী আপনার সহায়ক হতে পারে।

**সাধারণ প্রশ্নাবলী**

- আপনার মতে, সংখ্যালঘুদের প্রধান সমস্যাগুলি কী?
- আপনার মতে, কোন উপায়ে তথ্য সংগ্রহ ও তার ব্যবহার সংক্রান্ত ত্রুটিগুলি নির্মূল করা যেতে পারে?
- পরিকল্পনাটি সঠিকভাবে কাজ করছে কি না, তা আপনি কীভাবে বুঝবেন? আপনার মতে এই পরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের রূপায়ণ এবং তদারকি করার জন্য কাকে নিযুক্ত করা উচিত?
- এই কর্ম পরিকল্পনায় অনেকগুলি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে, আপনার মতে, এর মধ্যে আগে কাজ শুরু করার জন্য কোন দুটি বিষয়কে গুরুত্ব দেওয়া উচিত?
- দীর্ঘ মেয়াদে কোনটি সবচেয়ে বড় পার্থক্য তৈরি করবে?
- ব্যক্তির লিঙ্গ, বয়স, যৌনতা বা পরিবার কিংবা সামাজিক মর্যাদার ভিত্তিতে কী বর্ণবাদ সম্পর্কিত অভিজ্ঞতা বদলে যায়?
- বর্ণবাদ সম্পর্কিত অভিজ্ঞতা অক্ষমতার সঙ্গে কীভাবে সংযুক্ত?

**বর্ণবাদের বিরুদ্ধে আয়ারল্যান্ড একটি জাতীয় কর্ম পরিকল্পনা তৈরি করছে।**
**আপনার মতামত এই পরিকল্পনা তৈরি করতে সাহায্য করবে।**
**এই গুরুত্বপূর্ণ কাজের অংশ হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।**